একজন মুসলিমের জন্য যা জানা থাকা আবশ্যক (পর্ব-৩)

ঈমানের রুকনসমূহ

কুরআনের আয়াতে ঈমানের রুকন সমূহের দলীলঃ

আল্লাহ তায়ালা বলেন,

آمَنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِن رَّبِّهِ وَالْمُؤْمِنُونَ ۚ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهِ ۚ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا ۖ غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ [٢:٢٨٥]

রসূল বিশ্বাস রাখেন ঐ সমস্ত বিষয় সম্পর্কে যা তাঁর পালনকর্তার পক্ষ থেকে তাঁর কাছে অবতীর্ণ হয়েছে এবং মুসলমানরাও সবাই বিশ্বাস রাখে আল্লাহর প্রতি, তাঁর ফেরেশতাদের প্রতি, তাঁর গ্রন্থসমুহের প্রতি এবং তাঁর পয়গম্বরগণের প্রতি। তারা বলে আমরা তাঁর পয়গম্বরদের মধ্যে কোন তারতম্য করিনা। তারা বলে, আমরা শুনেছি এবং কবুল করেছি। আমরা তোমার ক্ষমা চাই, হে আমাদের পালনকর্তা। তোমারই দিকে প্রত্যাবর্তন করতে হবে।

আল্লাহ তায়ালা আরও বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا آمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي نَزَّلَ عَلَىٰ رَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي أَنزَلَ مِن قَبْلُ ۚ وَمَن يَكْفُرْ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الْآخِرِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا [٤:١٣٦]

হে ঈমানদারগণ, আল্লাহর উপর পরিপূর্ণ বিশ্বাস স্থাপন কর এবং বিশ্বাস স্থাপন কর তাঁর রসূলও তাঁর কিতাবের উপর, যা তিনি নাযিল করেছেন স্বীয় রসূলের উপর এবং সেসমস্ত কিতাবের উপর, যেগুলো নাযিল করা হয়েছিল ইতিপূর্বে। যে আল্লাহর উপর, তাঁর ফেরেশতাদের উপর, তাঁর কিতাব সমূহের উপর এবং রসূলগণের উপর ও কিয়ামতদিনের উপর বিশ্বাস করবে না, সে পথভ্রষ্ট হয়ে বহু দূরে গিয়ে পড়বে।

হাদীসের দলীলঃ

রসূল সাঃ ইরশাদ করেন,"ঈমান (দ্বারা উদ্দেশ্য) হলো, তুমি আল্লাহর প্রতি ঈমান আনবে,তার ফেরেস্তাদের প্রতি,তার কিতাবসমূহের প্রতি,তার রসূলদের প্রতি,শেষ দিবসের প্রতি এবং তুমি ঈমান আনবে ভালো-মন্দ তাকদীরের উপর। (বুখারী,মুসলিম)

ঈমানের রুকন সমূহঃ

১/ আল্লাহর প্রতি ঈমান আনা।

২/ ফেরেস্তাদের প্রতি ঈমান আনা।

৩/ আল্লাহর নাযিলকৃত কিতাবসমূহের প্রতি ঈমান আনা।

৪/ রাসূলদের প্রতি ঈমান আনা

৫/ পরকালের প্রতি ঈমান আনা।

৬/ তাকদীরের প্রতি ঈমান আনা

তাহরীদ মিডিয়া

https://telegram.me/tahridbd